ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ
ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.১৮.০১২.২১.২৩৫ তারিখ: ২৩ আগষ্ট, ২০২৬খ্রি.

**অফিস আদেশ**

যেহেতু, আপনি জনাব মোঃ রাশেদুল হাসান, পরিদর্শক, ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ, ভেড়ামারা হিসেবে কর্মকালীন সময় সমিতি হতে অর্থ আদায় করে সংশ্লিষ্ট কর্মসূচির ব্যাংক হিসাবে জমা করেন নাই। কর্তৃপক্ষের আদেশ অমান্য, প্রশাসনিক ও আর্থিক শৃংখলাভঙ্গ এবং দুর্নীতির মাধ্যমে বিপুল পরিমান অর্থ আত্মসাৎ এর গুরুতর শাস্তিযোগ্য অপরাধের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০১৫.১০০.১৮.১৭৪.২৪.২৯২ তারিখ: ১০ ডিসেম্বর ২০২৪খ্রি. মূলে সাময়িকভাবে বরখাস্ত করে অত্র দপ্তরে সংযুক্ত করা হয়। আপনি অত্র দপ্তরে কর্মস্থলে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ২৬/১১/২৪খ্রি. হতে অদ্যাবধি অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ রাশেদুল হাসান, সাময়িকভাবে বরখাস্তকৃত অবস্থায় অত্র দপ্তরে সংযুক্ত (বর্তমানে পলাতক) এর বিরুদ্ধে ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এ পরিদর্শক হিসেবে কর্মকালে কেএসএস হতে আদায়কৃত অর্থ নিয়মিত অফিসের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করার বিধান থাকলেও আপনি তা অমান্য করে সমিতি হতে আদায়কৃত অর্থ অফিসের সংশ্লিষ্ট হিসাবে জমা না করে ৩৬,৮৮২/- টাকা আত্মসাৎ করেছেন এবং সাতবাড়ীয়া কেএসএস এ আবর্তক নীতিমালা এবং সমবায় আইন ও বিধিমালা অনুসরণ না করে ঋণ বিতরণ করায় সেবামূল্য ৫৮,৪২০/- টাকা আদায় হচ্ছে না যা আপনার ব্যাক্তিগত দায়। আপনাকে অত্র দপ্তরে'র স্মারক নং ৩০৬ তারিখ ২৯-১২-২০২৪খ্রি. মূলে অর্থ আত্মসাৎ এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সাময়িক বরখাস্ত করা হয়। আপনি কর্মস্থলে উপস্থিত না হওয়ায় পরবর্তিতে অত্র দপ্তরে'র স্মারক নং ২৬ তারিখ ১৯-০১-২০২৫ খ্রি. মূলে পুনরায় আত্মসাৎ এর বিবরণসহ পত্র প্রদান করা হয়। সরকারি ডাকযোগে প্রেরীত পত্র আপনি গ্রহণ করেন নাই এবং কোন পত্রের জবাবও দাখিল করেন নাই। নানাবিধ জাল-জালিয়াতি'র মাধ্যমে মোট ৯৫,৩০২/- (পঁচানব্বই হাজার তিনশত দুই টাকা) আত্মসাতসহ দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাৎ, প্রতারণা ও অর্থ তসরূপজনিত শাস্তিযোগ্য গুরুতর অপরাধের অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/২০২৫ রুজু করে অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.১৮.০১২.২১.৩৮৮ তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি. মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করে প্রথম চুড়ান্ত কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামার প্রেক্ষিতে আপনি কোন জবাব দাখিল করেন নাই বা ব্যক্তিগত শুনানির আবেদন করেন নাই। এবং

যেহেতু, আপনাকে বারবার পত্র প্রদান করা হলেও আপনি কোন জবাব দাখিল করেন নাই বা ব্যক্তিগত শুনানির আবেদন করেন নাই বিধায় উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.১৮.০১২.২১.৩৮৯ তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি. মূলে ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.২৭.০৩১.২৬.২২ তারিখ: ২১ জানুয়ারী ২০২৬খ্রি. মূলে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাত, প্রতারণা ও অর্থ তসরুপজনিত শাস্তিযোগ্য গুরুতর অপরাধের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত প্রতিবেদন ও নথি সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, পরিদর্শক হিসেবে কর্মকালে কেএসএস হতে আদায়কৃত অর্থ নিয়মিত অফিসের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করার বিধান থাকলেও আপনি তা অমান্য করে সমিতি হতে আদায়কৃত অর্থ অফিসের সংশ্লিষ্ট হিসাবে জমা না করে ৩৬,৮৮২/- টাকা আত্মসাৎ করেছেন এবং সাতবাড়ীয়া কেএসএস এ আবর্তক নীতিমালা এবং সমবায় আইন ও বিধিমালা অনুসরণ না করে ঋণ বিতরণ করায় সেবামূল্য ৫৮,৪২০/- টাকা আদায় হচ্ছে না যা আপনার ব্যাক্তিগত দায়;

যেহেতু, আপনাকে বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.২৭.০৩১.২৬.২২ তারিখ: ২১ জানুয়ারী ২০২৬খ্রি. মূলে তদন্ত প্রতিবেদন সংযুক্ত করে ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা/২০১৮ এর প্রবিধান ১৯ (২) (খ) ও ২(ঞ), ২০ এবং ২১ এর খ(৪) উপপ্রবিধান মোতাবেক ইউসিসিএ'র চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না তার লিখিত জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। সরকারি ডাকযোগে প্রেরীত নোটিশ আপনি গ্রহণ করেন নাই এবং ২য়/চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের কোন উত্তর প্রদান করেন নাই।

এমতাবস্থায়, জনাব মোঃ রাশেদুল হাসান, পরিদর্শক, ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ, সাময়িকভাবে বরখাস্তকৃত অবস্থায় ভেড়ামারা ইউসিসিএ লিঃ, ভেড়ামারা সংযুক্ত (বর্তমানে পলাতক) কর্তৃক বিভাগীয় মামলা'র তথ্য, মামলা সংশ্লিষ্ট সকল কাগজপত্র, অতীত চাকুরিকালের রেকর্ড, তদন্ত প্রতিবেদন, ইত্যাদির পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করত: বিভাগীয় মামলায় আনীত অভিযোগের ভিত্তিতে ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এর কর্মচারী চাকুরী

প্রবিধানমালা/২০১৮ প্রবিধান প্রবিধান ১৯ (২) (খ) ও ২(ঞ), ২০ এবং ২১ এর খ(৪) উপপ্রবিধান মোতাবেক ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এর ব্যবস্থাপনা কমিটি এবং বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাত, প্রতারণা ও অর্থ তসরুপজনিত শাস্তিযোগ্য গুরুতর অপরাধের আনীত অভিযোগ প্রতিষ্ঠিত-প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় এবং অভিযোগের গুরুত্বানুযায়ী ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা/২০১৮ এর প্রবিধান ২১ (খ) উপপ্রবিধান মোতাবেক নিম্নোক্ত দন্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো:

ক) জনাব মোঃ রাশেদুল হাসান, পরিদর্শক, ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ (সাময়িকভাবে বরখাস্তকৃত ও অত্র দপ্তরে সংযুক্ত) (বর্তমানে পলাতক)-কে ভেড়ামারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিঃ এর চাকুরি হতে চূড়ান্তভাবে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

খ) অত্র আদেশ জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তার আত্মসাতকৃত ৯৫,৩০২/- (পঁচানব্বই হাজার তিনশত দুই) টাকা (সমুদয় সুদসহ) সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

গ) নির্ধারিত সময়ের মধ্যে উক্ত আত্মসাতকৃত অর্থ (সমুদয় সুদসহ) জমা প্রদান না করলে তার বিরুদ্ধে প্রচলিত আইনে ফৌজদারি মামলা এবং উক্ত আত্মসাতকৃত অর্থ আদায়ের লক্ষ্যে তার বিরুদ্ধে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের করাসহ অর্থ আদায়ে সকল প্রকার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩/০৮/২৬
মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

স্মারক নং-৪৭.৬২.৫০১৫.০০০.১৮.০১২.২১.২৩৫

তারিখ: ২৩ আগষ্ট, ২০২৬খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, বিআরডিবি, কুষ্টিয়া।
২। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৩। উপজেলা.................. কর্মকর্তা, ভেড়ামারা, কুষ্টিয়া ও সদস্য ব্যবস্থাপনা কমিটি, ভেড়ামারা ইউসিসিএ লিঃ।
৪। উপজেলা সমবায় কর্মকর্তা, ভেড়ামারা, কুষ্টিয়া।
৫। সভাপতি, ভেড়ামারা ইউসিসিএ লিঃ।
৬। সদস্য(সকল), ভেড়ামারা ইউসিসিএ লিঃ।
৭। জনাব মোঃ রাশেদুল হাসান, পরিদর্শক, সাময়িক বরখাস্তকৃত অবস্থায় অত্র দপ্তরে সংযুক্ত।
স্থায়ী ঠিকানা: জনাব মোঃ রাশেদুল হাসান, প্রযত্নে: পিতা: মো: শাহাজুল শেখ, গ্রাম: সাতবাড়ীয়া, পোঃ সাতবাড়ীয়া, উপজেলাঃ ভেড়ামারা, জেলাঃ কুষ্টিয়া।
৮। অফিস নথি।

২৩/০৮/২৬
মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা